

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৪.৪৩.১০১.১৬.১৯- ২৪২

তারিখ: ১৫.০৬.২০২০

অফিস আদেশ

পাট পণ্যের ক্রয়-বিক্রয়, বরাদ্দ, উৎপাদন, শিপমেন্ট, এস আই/এলসি, মূল্য পরিশোধ ইত্যাদি যাবতীয় বিষয়ে খোঁজ-খবর ও দাপ্তরিক কার্যাদি সংক্রান্ত বিষয়ে ক্রেতাদেরকে বিপণন বিভাগের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের সংগে ব্যবসায়িক প্রয়োজনে সাক্ষাৎ ও আলোচনা করতে হয়। ক্রেতাদের চাহিদা অনুযায়ী সম্ভাব্য কার্যাদি বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রয়োজনে নিম্নোক্ত ব্যবস্থা চালু করার জন্য আদেশ জারি করা হলোঃ

- ১। এখন থেকে ক্রেতা/স্বাক্ষাতপ্রার্থীদের আগমন নির্গমনের বিষয়টি লিখে রাখার জন্য বিপণন বিভাগ একটি স্বাক্ষাৎ রেজিস্ট্রার চালু করবেন।
- ২। আগত ক্রেতা/স্বাক্ষাৎপ্রার্থীগণ সরাসরি বিপণন বিভাগে প্রবেশ করতে পারবেনা। তাদেরকে প্রথমে পরিচালক (বিপণন) এর নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে এবং অনুমতি প্রাপ্তির পরে উল্লিখিত স্বাক্ষাৎ রেজিস্ট্রারে আগমনের কারণ ও অন্যান্য বিষয়াবলী লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট বিভাগে প্রবেশ করতে হবে।
- ৩। পণ্য ক্রেতা ও অন্যান্য স্টেক হোল্ডারদের সাথে বিভিন্ন সময় অনুষ্ঠিত যে কোন সভা এখন থেকে সংস্থার প্রধান কার্যালয়ের বিপণন বিভাগের পরিবর্তে পরিচালক (বিপণন) এর দপ্তরে অনুষ্ঠিত হবে।
- ৪। এ আদেশ করপোরেশনের স্বার্থে জারি করা হলো।



(মোঃ শামীম রেজা খান)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৩। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।

অনুলিপি: ই-মেইলযোগে প্রেরণ করা হলো

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি/মাষ্টার নথি।